

সুন্দর বনের কথকতা

মধ্য যামিনী শেষে নদীতীরে চাঁদ ডুবে গেলে
বাতাসের কানে বার্তা পাঠিয়েছি, তুমি শোন নি !
হৃদয়ের কপাট খোলা আছে মৃদু পায়ে এসো !
দ্যাখো লতাগুল্ম বৃক্ষরাজি কেমন নিসর্গ বানিয়েছে
সুন্দরবনে সুন্দরী নেই

অভয়ারণ্যে তুমি এলে নিশ্চয়তা দেবো গাঢ় চুম্বনের
কাপালিক নই দেহ দিলে দেহ পাবে
পাবে ওষ্ঠের বিন্দু আলিঙ্গন

মধ্য যামিনী শেষে নদীতীরে চাঁদ ডুবে গেলে
বাতাসের কানে বার্তা পাঠিয়েছি, তুমি শোন নি ?

বেলা অবেলায় অভিমানী খেয়া নাইবা
বাইলে হৃদয়ের জলে ডুবুরীর মতো উঠে এসো তুমি
গোলপাতার ছাউনি ঢাকা বাসর দেবো
চিরল পাতার বাতাস মাখাবো
পাখ-পাখালির স্বরলিপি শোনাবো
বঁইচি ফুলের মালা পরাব তোমায়

বার্তাবাহক এসব কথা বলে নি তোমাকে ?

অভয়ারণ্যে এলে নিশ্চয়তা দেব গাঢ় চুম্বনের
কাপালিক নই, দেহ দিলে দেব পাবে,
পাবে ওষ্ঠের বিন্দু আলিঙ্গন।

জাফল আহসান

